

তাগিদপত্র
অতিঃ জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-০৩ শাখা

নং- ৪৫.১৫৬.১২১.০০.০০.০০১.২০১৫-৪২৬

তারিখঃ ২২.১১.২০১৫ খ্রিঃ।


বিষয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার পদে নিয়োগের জন্য ৫৯
(উনষাট) জন প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত।

সূত্র নং- ১। ৩৮.০০১.০১১.০০.০০.০১৮.২০১৫-৮০৯ তারিখঃ ২১ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিঃ।

২। ৪৫.১৫৬.১২১.০০.০০.০০১.২০১৫-৩৯৮ তারিখঃ ২৯.১০.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে বর্ণিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের আলোকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ২য় শ্রেণীর সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার পদে ৫৯ (উনষাট) জন প্রার্থী নিয়োগের জন্য বাংলাদেশ সরকারি কর্মকমিশন-এর সুপারিশকৃত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার নিমিত্ত মেডিকেল বোর্ড গঠন করে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে প্রতিবেদন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রেরণ করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে গত ২৯/১০/১৫ খ্রিঃ তারিখে অনুরোধ করা হয়েছিল। অদ্যবধি এ বিষয়ে কোন জবাব পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে জরুরী ভিত্তিতে ২৪/১১/১৫ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পত্র প্রেরণ করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(এস. এম. জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯১৯২

মহা-পরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম-সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিষ্টেম এনালিস্ট (তাকে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।